পাঠ ২২

# আমাদের ছোট নদী

রবীন্দ্রনাথ ঠাকুর



## পাঠের মূলকথা

ছোটো-বড়ো অসংখ্য নদ-নদী এঁকেবেঁকে বয়ে গেছে বাংলাদেশের উপর দিয়ে। অনেক ছোটো নদী গ্রীষ্মকালে শুকিয়ে যায়। কোথাও হাঁটু জল থাকে। তখন সেখান দিয়ে গোরু, গাড়ি পার হয়ে যায়। রোদে বালি চিকচিক করে, কাশফুল ফুটতে থাকে, শালিকের ঝাঁক কিচিমিচি করে। রাতে সেখানে শেয়াল ডাকে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করব।
- ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.২ কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.২ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারব।
১২.১.৩ বানান করে কবিতার চরণ পড়তে পারব।
১২.১.৪ স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারব।
১২.২.২ কবিতা পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারব।
১৬.১.৩ কবিতার চরণ দেখে দেখে লিখতে পারব।
১৬.১.৪ কবিতার একটি বা দুটি চরণ না দেখে লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রবীন্দ্রনাথ | বাঁক | হাঁটু | গোরু | গাড়ি | উঁচু | পাড়ি | শালিক | ঝাঁক | শেয়াল |
| হাঁক | | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

হাঁটুজল, ধার, ঢালু, সেথা, ঝাঁক, থেকে থেকে, হাঁক।

**উত্তর :**

**হাঁটুজল**– হাঁটু সমান পানি।

**ধার**– তীর।

**ঢালু**– নিচু।

সেথা– সেখানে।

ঝাঁক – দল।

থেকে থেকে – একটু পরপর।

হাঁক – ডাক।

### ২ শব্দ দিয়ে বাক্য বানাই ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

নদী —

ছোট —

বৈশাখ —

সাদা —

ঝাঁক —

**উত্তর :**

নদী — আমরা নদীর তীরে বেড়াতে যাই।

ছোট — আসাদ তার ছোট ভাই।

বৈশাখ — বাংলা বছরের প্রথম মাস বৈশাখ।

সাদা — বকের গায়ের রং সাদা।

ঝাঁক — একঝাঁক পাখি এসে গাছে বসেছে।

### ৩ কবিতাটি আবৃত্তি করি ও দেখে দেখে লিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

**উত্তর :** শিক্ষকের সহায়তায় নিজেরা চেষ্টা কর।

### ৪ বলি ও লিখি ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

**প্রশ্ন-১. কোন মাসে নদীতে হাঁটুজল থাকে?**

**উত্তর :** বৈশাখ মাসে নদীতে হাঁটুজল থাকে।

**প্রশ্ন-২. শালিকের ঝাঁক কোথায় কিচিমিচি করে?**

**উত্তর :** শালিকের ঝাঁক কাশবনে কিচিমিচি করে।

**প্রশ্ন-৩. কাশবন দেখতে কেমন?**

**উত্তর :** কাশবন দেখতে ফুলে ফুলে সাদা।

### ৫ পরের চরণ লিখি। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,

________________

চিকচিক করে বালি, কোথা নাই কাদা,

________________

**উত্তর :**

আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,
**বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে।**
চিকচিক করে বালি, কোথা নাই কাদা,
**এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।**

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

বাঁকে বাঁকে, পাড়ি, চিকচিক। ▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৬ ও ১৮০

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বাঁকে বাঁকে | এঁকেবেঁকে বা আঁকাবাঁকা। |
| পাড়ি | নদীর পাড় বা তীর। |
| চিকচিক | চকচকে বা ঝলমলে। |

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

| শব্দ | বাক্য |
|---|---|
| বাঁকে বাঁকে | |
| বৈশাখ | |
| হাঁটুজল | |
| ঢালু | |
| চিকচিক | |

| শব্দ | বাক্য |
|---|---|
| পাড় | |
| কাশবন | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৭ ও ১৮০

উত্তর :

| শব্দ | বাক্য |
|---|---|
| বাঁকে বাঁকে | বাঁকে বাঁকে নদী তার গতি বদলায়। |
| বৈশাখ | বৈশাখ মাসে নদীতে জল কম থাকে। |
| হাঁটুজল | গ্রীষ্মকালে নদীতে হাঁটুজল থাকে। |
| ঢালু | ঢালু রাস্তায় চলাচল করতে সমস্যা। |
| চিকচিক | রোদে নদীর বালি চিকচিক করে। |
| পাড় | নদীটির পাড় ঢালু। |
| কাশবন | নদীর ধারে কাশবন দেখা যায়। |

## বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. নদীর পাড়ে কী কী আছে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৬

**উত্তর :** নদীর পাড়ে ঘর-বাড়ি, গাছপালা, কাশবন, শালিকের ঝাঁক আছে।

**প্রশ্ন ৪. কোন মাসে নদীতে জল কম থাকে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৭

**উত্তর :** বৈশাখ মাসে নদীতে জল কম থাকে।

**প্রশ্ন ৫. পানি কমে গেলে নদীর ভিতর দিয়ে কী চলাচল করে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৭

**উত্তর :** পানি কমে গেলে নদীর ভিতর দিয়ে মানুষ, গোরু ও গোরুর গাড়ি চলাচল করে।

**প্রশ্ন ৬. কখন শেয়ালের ডাক শোনা যায়?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮১

**উত্তর :** রাতে শেয়ালের ডাক শোনা যায়।

**প্রশ্ন ৭. শালিকের ঝাঁক কী করে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮১

**উত্তর :** শালিকের ঝাঁক কিচিমিচি করে।

**প্রশ্ন ৮. কখন নদীতে কাদা থাকে না?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮১

**উত্তর :** নদীতে বালি যখন চিকচিক করে তখন কাদা থাকে না।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৯. 'আমাদের ছোট নদী' কবিতার বিষয়বস্তু লেখ।**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৬

**উত্তর :** 'আমাদের ছোট নদী' কবিতায় কবি নদীমাতৃক বাংলার অপরূপ দৃশ্য বর্ণনা করেছেন। আমাদের ছোট ছোট নদীগুলোতে বৈশাখ মাসে পানি শুকিয়ে যায়। হাঁটু পানিতে মানুষ, গোরু, গাড়ি সহজেই পার হতে পারে। নদীতে বালু চিকচিক করে কিন্তু কোথাও কাদা নেই। নদীর তীরে বাড়িঘর ছাড়াও কাশফুলে সাদা হয়ে থাকে। শালিকের ঝাঁক কিচিরমিচির করে। রাতে একটু পরপর শেয়াল হাঁক ছাড়ে। এমনই সুন্দর বাংলার প্রকৃতি।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১০. ছবিতে কী কী দেখা যাচ্ছে তা বর্ণনা কর।**



▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৬

**উত্তর :** ছবিতে নদী, নদীর দুধারে গাছ, পাখি, গোরুর গাড়ির নদী পার হওয়ার দৃশ্য দেখা যাচ্ছে। এছাড়া ঘর-বাড়ি, কাশফুল, ছেলেমেয়ের মাছ ধরার দৃশ্য এবং গোসল করার দৃশ্য দেখা যাচ্ছে।

**প্রশ্ন ১১. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

শেয়াল, শালিক, চিকচিক, আঁকাবাঁকা।

ক. পথটি ——— হয়ে চলে গেছে।

খ. রোদ পড়ে বালি ——— করছে।

গ. ——— পাখিগুলো কিচিমিচি করছে।

ঘ. হুক্কাহুয়া করে ——— ডাকছে। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮২

**উত্তর :**

ক. পথটি আঁকাবাঁকা হয়ে চলে গেছে।

খ. রোদ পড়ে বালি চিকচিক করছে।

গ. শালিক পাখিগুলো কিচিমিচি করছে।

ঘ. হুক্কাহুয়া করে শেয়াল ডাকছে।

বাংলা

**প্রশ্ন ১২. নিচের শব্দগুলোর অন্ত্যমিল লেখ।**

| অন্ত্যমিল | শব্দ |
|---|---|
| বাঁকে | থাকে |
| জল | |
| গাড়ি | |
| গোরু | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৮

**উত্তর :**

| অন্ত্যমিল | শব্দ |
|---|---|
| বাঁকে | থাকে, ঝাঁকে, আঁকে, পাকে। |
| জল | বল, কল, ছল, তল। |
| গাড়ি | বাড়ি, শাড়ি, নাড়ি, দাঁড়ি। |
| গোরু | ভীরু, মরু, তরু। |

**প্রশ্ন ১৩. চরণগুলো মিলিয়ে লেখ।**

..............................

দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি।

..............................

এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।

কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক,

..............................

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮৩

**উত্তর :**

পার হয়ে যায় গোরু, পার হয় গাড়ি

দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি।

চিকচিক করে বালি, কোথা নাই কাদা,

এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।

কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক,

রাতে ওঠে থেকে থেকে শেয়ালের হাঁক।

**প্রশ্ন ১৪. নিচের শব্দগুলোর সঠিক উচ্চারণ লেখ।**

| প্রদত্ত শব্দ | শব্দের সঠিক উচ্চারণ |
|---|---|
| বাঁক | |
| চাঁদ | |
| দাঁত | |
| হাঁটু | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৮

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | শব্দের সঠিক উচ্চারণ |
|---|---|
| বাঁক | বাঁক্ |
| চাঁদ | চাঁদ্ |
| দাঁত | দাঁত্ |
| হাঁটু | হাঁটু |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | কবিতা নিজের মতো বলতে পারে।<br>অন্ত্যমিলযুক্ত শব্দ শনাক্ত করতে পারে।<br>নতুন শব্দের অর্থ জানে।<br>কবিতা বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | কবিতা পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পেরেছে। | | | |
| | কবিতার চরণ না দেখে লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আনন্দের সাথে কবিতা বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : 

### ধারাবাহিক মূল্যায়ন

সময় : ..................

শিক্ষার্থীর নাম : ................................................ শ্রেণি : ................................................ রোল নম্বর : 

১। **শব্দ দিয়ে বাক্য তৈরি করে লেখ।**

নদী —

ছোট —

বৈশাখ —

সাদা —

ঝাঁক —

২। **পরের চরণটি লেখ।**

আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,

_______________________

চিকচিক করে বালি, কোথা নাই কাদা,

_______________________

৩। **নিচের শব্দগুলোর অন্ত্যমিল লেখ।**

| অন্ত্যমিল | শব্দ |
|---|---|
| বাঁকে | থাকে |
| জল | |
| গাড়ি | |
| গোরু | |

**উত্তরমালা**

১ ▸ নদী — আমরা নদীর তীরে বেড়াতে যাই।

ছোট — আসাদ তার ছোট ভাই।

বৈশাখ — বাংলা বছরের প্রথম মাস বৈশাখ।

সাদা — বকের গায়ের রং সাদা।

ঝাঁক — একঝাঁক পাখি এসে গাছে বসেছে।

২ ▸

আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,

**বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে।**

চিকচিক করে বালি, কোথা নাই কাদা,

**এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।**

৩ ▸

| অন্ত্যমিল | শব্দ |
|---|---|
| বাঁকে | থাকে, ঝাঁকে, আঁকে, পাকে। |
| জল | বল, কল, ছল, তল। |
| গাড়ি | বাড়ি, শাড়ি, নাড়ি, দাঁড়ি। |
| গোরু | ভীরু, মরু, তরু। |

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর [ ] শিখনের অর্জিত মাত্রা [ ]